পরীক্ষা নিয়ন্ত্রকের অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
(অফিস) ৮৬১৩২৮০
৯৬৬১৯০০-৫৯/৪০৭৯
ফ্যাক্স: ৮৮-০২-৯৬৬৭২২২

OFFICE OF THE CONTROLLER OF EXAMINATIONS
UNIVERSITY OF DHAKA
DHAKA-1000, BANGLADESH
Phone : (off.) 8613280
9661900-59/4079
Fax : 88-02-9667222
E-mail : examcontrollera7c@du.ac.bd

মেমো নং:- ১৪০১/শা-২(ক)/প.

তারিখ : ০২ চৈত্র ১৪২৮ / ১৬ মার্চ ২০২২

১। অধ্যক্ষ, ঢাকা কলেজ, ধানমন্ডি, ঢাকা।
২। অধ্যক্ষ, ইডেন মহিলা কলেজ, আজিমপুর, ঢাকা।
৩। অধ্যক্ষ, বেগম বদরুন্নেছা সরকারি মহিলা কলেজ, বকশীবাজার, ঢাকা।
৪। অধ্যক্ষ, কবি নজরুল সরকারি কলেজ, মিউনিসিপ্যাল স্ট্রীট, ঢাকা।
৫। অধ্যক্ষ, সরকারি শহীদ সোহরাওয়ার্দী কলেজ, লক্ষ্মীবাজার, ঢাকা।
৬। অধ্যক্ষ, সরকারি বাঙলা কলেজ, মিরপুর, ঢাকা।
৭। অধ্যক্ষ, সরকারি তিতুমীর কলেজ, মহাখালী, ঢাকা।

## ২০১৬ সনের ডিগ্রি পাস ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষ পুরাতন সিলেবাস (নম্বর পদ্ধতি ও পত্রকোড ৩ সংখ্যা) বিশেষ পরীক্ষার ফরমপূরণের বিজ্ঞপ্তি

পরীক্ষার্থী ও সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০১৬ সনের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স (পুরাতন সিলেবাস নম্বর পদ্ধতি) **বিশেষ** পরীক্ষার ফরমপূরণ ও সংশ্লিষ্ট কলেজ কর্তৃপক্ষের ডাটা এন্ট্রি ও আনুষঙ্গিক নিয়ম ও শর্তাবলী নিম্নে প্রদত্ত হলো:

| ক্রমিক নং | বিবরণ | নির্ধারিত ফিস | পরীক্ষার্থী কর্তৃক অনলাইনে ফরম পূরণ শুরু ও জমাদানের শেষ তারিখ | কলেজ কর্তৃক অনলাইনে ভেরিফিকেশন ও ব্যাংক ড্রাফটের শেষ তারিখ |
|---|---|---|---|---|
| ১ | মানোন্নয়ন (১ম, ২য় ও ৩য় বর্ষ) | ৩০০/- + মাঃ উঃ প্রতি পত্র ১০০/- হারে এবং ব্যবহারিক ফিস প্রতি বিষয়ে ১৫০/- বিশ্ববিদ্যালয়ে জমা হবে | ২২/০৩/২০২২ থেকে ০৭/০৪/২০২২ | ১১/০৪/২০২২ |
| | ৩য় বর্ষে - অকৃতকার্য (এক বা একাধিক পত্র) অথবা বিভাগ উন্নয়ন | ৩০০/- + প্রতি পত্রে ১০০/- বিশ্ববিদ্যালয়ে জমা হবে | | |
| ২ | কেন্দ্র ফি- তত্ত্বীয় (প্রতি পরীক্ষার্থী) | ৭৫০/- ( ১। কলেজের অংশ-৩০০/- ২। কেন্দ্রের অংশ-৪৫০/-) | | |
| ৩ | ব্যবহারিক কেন্দ্র ফিস (প্রতি বিষয়ে) | ১০০/- কলেজে জমা হবে | | |

**বিঃ দ্রঃ নির্ধারিত সময়ের মধ্যে পরীক্ষার ফরমপূরণের জন্য জরুরী ভিত্তিতে শিক্ষার্থীদের অবহিত করতে হবে। যেহেতু আলোচ্য পরীক্ষার রেগুলেশন ও শিক্ষাবর্ষের আর কোনো ব্যাচ নাই সেহেতু উক্ত রেগুলেশনের (অর্থাৎ জাতীয় বিশ্ববিদ্যালয়ের ডিগ্রি পাস নম্বর পদ্ধতিতে) আর কোন পরীক্ষা অনুষ্ঠিত হবেনা। নির্ধারিত সময়ের পর ফরমপূরণের কোন প্রকার সুযোগ থাকবে না।**

# আবেদন ফরম, বিবরণী ফরম, ফি জমাদান ফরম সংগ্রহ ও অন্যান্য নিয়ামাবলী

**অনলাইনে আবেদন ফরমপূরণ (শিক্ষার্থীদের জন্য):**

ক) আবেদনকারীকে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (7college.du.ac.bd) **Form Fill-up** বাটনে ক্লিক করে সাইন আপ করে নিজের রেজিস্ট্রেশন নম্বর ও পাসওয়ার্ড দিয়ে ওয়েবসাইটে প্রদত্ত নির্দেশনা অনুযায়ী (৭ কলেজের ওয়েবসাইটে প্রদত্ত ফরমপূরণের নির্দেশনাবলী অনুযায়ী) নিজের ডাটা এন্ট্রি করতে হবে। ডাটা এন্ট্রির প্রক্রিয়া সম্পন্ন হলে শিক্ষার্থী একটি প্রিভিউ দেখতে পাবে। পূরণকৃত ডাটা সঠিক থাকলে অনলাইন থেকে একটি পূরণকৃত আবেদন ফরম প্রিন্ট করে নিতে পারবে। পূরণকৃত ফরমে পরীক্ষার্থীর বিষয় কোড ও পরীক্ষার বিষয় সহ পরীক্ষার্থীর ব্যক্তিগত তথ্যাবলী উল্লেখ থাকবে। **অনলাইনে ফরমপূরণে কোন শিক্ষার্থী তার প্রদত্ত তথ্যে ভুল করলে তা শিক্ষার্থী নিজেই সর্বোচ্চ ০৩ (তিন) বার সংশোধন করতে পারবে।**

খ) শিক্ষার্থীদের প্রিন্টকৃত ফরমে কলেজ **অধ্যক্ষ/ভারপ্রাপ্ত অধ্যক্ষ** স্বাক্ষর করার পর ফটোকপি করে এক কপি শিক্ষার্থী সংরক্ষণ করবে এবং আরেক কপি শিক্ষার্থী স্বাক্ষর করে কলেজ কর্তৃক নির্ধারিত ডেস্কে/ সংশ্লিষ্ট বিভাগে অবশ্যই জমা দিতে হবে।

গ) যদি বিজ্ঞপ্তিতে উল্লেখিত শিক্ষাবর্ষের কোন পরীক্ষার্থীর ডাটা (অনলাইনে ফরমপূরণের জন্য) সরবরাহ করা না হয়ে থাকে তবে সে ক্ষেত্রে পরীক্ষার্থী কলেজ কর্তৃপক্ষের মাধ্যমে **০৬/০৪/২০২২** তারিখের মধ্যে শিক্ষার্থীর পূর্বের তথ্যসহ ঢাকা বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রকের অফিসের ৩২২ নং কক্ষে জানাতে পারবে।

## পরীক্ষায় অংশগ্রহণের প্রয়োজনীয় শর্তাবলী:

২০১৫ সনের ডিগ্রি পাস ও সার্টিফিকেট কোর্স (পুরাতন সিলেবাস) এবং ২০১৫ সনের ডিগ্রি পাস ও সার্টিফিকেট কোর্স (পুরাতন সিলেবাস) বিশেষ পরীক্ষায় অংশগ্রহণ করে যে সকল শিক্ষার্থীরা এক বা একাধিক বিষয়ে (১ম, ২য়, ৩য়, ৪র্থ, ৫ম ও ৬ষ্ঠ পত্র) অকৃতকার্য হয়েছে/তৃতীয় বিভাগ/পাস ডিগ্রি পেয়েছে শুধুমাত্র তারাই আলোচ্য পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। ২০১৬ সনের ডিগ্রি পাস ও সার্টিফিকেট কোর্স (পুরাতন সিলেবাস) ৩য় বর্ষ **বিশেষ** পরীক্ষা জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রণীত পুরাতন সিলেবাস (নম্বর পদ্ধতি) ও রেগুলেশন অনুযায়ী অনুষ্ঠিত হবে।

## কলেজের জন্য করণীয়:

**অনলাইনে আবেদন ফরম পূরণ নিশ্চয়ণ ও আনুষঙ্গিক কার্যাদি (কলেজের জন্য):**

ক) ফরম পূরণকৃত পরীক্ষার্থীদের ডাটা ঢাকা বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটের (7 Collegedu.ac.bd) Formfilup লিংক এ গিয়ে কলেজ লগ ইন করে "আন ভেরিফাইড" লিস্ট এ পাওয়া যাবে। শিক্ষার্থীকর্তৃক পূরণকৃত ফরম দেখে ডাটা এন্ট্রি সঠিক হলে এবং শিক্ষার্থীর ফরমপূরণের ফি জমা সম্পন্ন হয়ে থাকলে এবং শিক্ষার্থী ২য় বর্ষ পরীক্ষার ফরমপূরণের শর্তাবলী পূরণ করলে তা নিশ্চিত হয়ে কলেজ কর্তৃপক্ষ নিশ্চয়ন করতে হবে। এভাবে সকল পরীক্ষার্থীর ডাটা এন্ট্রি নিশ্চয়ন হওয়ার পর পরীক্ষার্থীর বিবরণী প্রিন্ট করে অধ্যক্ষ স্বাক্ষর করবেন।

খ) পূরণকৃত আবেদন পত্রে রেজিস্ট্রেশন বিবরণী অনুযায়ী শিক্ষার্থীর নাম, রেজিস্ট্রেশন নম্বর, বিষয় কোড সঠিক আছে কি-না তা যাচাই পূর্বক অধ্যক্ষ/ভারপ্রাপ্ত অধ্যক্ষ স্বাক্ষর করবেন। ভুল তথ্য প্রদানের জন্য ঢাকা বিশ্ববিদ্যালয় দায়ী থাকবে না।

## ফি জমাদানের পদ্ধতি:

২০১৬ সনের ডিগ্রি পাস ও সার্টিফিকেট কোর্স (পুরাতন সিলেবাস নম্বর পদ্ধতি) **বিশেষ** পরীক্ষার সকল পরীক্ষার্থীদের ফিসের টাকা কলেজ কর্তৃপক্ষ "DU-Affiliated Colleges" শিরোনামে হিসাব নং:- ৪৪০৫৭০৩০০০০৬৬ এই নামে সোনালী ব্যাংকের যে কোন শাখায় ব্যাংক ড্রাফট/পে-অর্ডার করে জমা দিতে হবে। ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর সাথে Money Statement অবশ্যই সংযুক্ত করে দিতে হবে। ব্যাংক ড্রাফট/পে-অর্ডার অবশ্যই হিসাবে দেয় A/C Payee হতে হবে। এছাড়াও ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রচলিত নিয়মানুসারে প্রতিটি ফরমের মূল্য ১০০/- (একশত টাকা) যা নগদ টাকা বিশ্ববিদ্যালয়ে জমা দিতে হবে এবং কলেজ কর্তৃপক্ষের খরচ হিসেবে ৫০/- (পঞ্চাশ টাকা) করে প্রদান করবে।

মো: বাহালুল ১৬.০৩

**(মোঃ বাহালুল হক চৌধুরী)**
পরীক্ষা নিয়ন্ত্রক
ঢাকা বিশ্ববিদ্যালয়
Email: examcontrollera7c@du.ac.bd

16.03.2022 16-03-2022